

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৪

তারিখঃ ১৯ নভেম্বর, ২০২০

০৪ অগ্রহায়ণ, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই
(CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১৩ এপ্রিল, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বর্ণিত সার্কুলারে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে সীমিতরিজ্ঞ স্থিতি সমন্বয়ের শর্ত উল্লেখ থাকায় অনেক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এতদসংক্রান্ত শর্ত পরিপালন করতে গিয়ে জটিলতার সম্মুখীন হচ্ছে। বিশেষ করে সীমিতরিজ্ঞ স্থিতি সমন্বয়ের উদ্দেশ্যে জমাকৃত চেক নানাবিধ কারণে যথাসময়ে ঋণ/বিনিয়োগ হিসাব খাতে আকলন (Credit) না হওয়ার ফলে উল্লিখিত শর্তের ব্যত্যয় হচ্ছে। অধিকন্তু, সিএমএসএমই গ্রাহকগণের পক্ষে মাসের শুরুতেই পাওনা আদায়করতঃ ব্যাংকের দেনা পরিশোধ সম্ভবপর হয়ে উঠে না। এছাড়া, গ্রাহক কর্তৃক সমন্বয়ের পর প্রয়োজনীয় কাগজপত্রসহ উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে সংগৃহীত তথ্য বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টে পূর্বে নির্ধারিত সময়ের মধ্যে অনাপত্তির জন্য প্রেরণের ক্ষেত্রে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানগুলো সমস্যার সম্মুখীন হচ্ছে।

০৩। উপর্যুক্ত বিষয়সমূহ বিবেচনায় এ ক্ষেত্রে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, উক্ত সার্কুলারের ৮(খ) এবং ৯(খ) নং অনুচ্ছেদদ্বয় নিম্নরূপে প্রতিস্থাপিত/পরিবর্তন হবে :

৮(খ) নং এ “ঋণ/বিনিয়োগের বিপরীতে আরোপিত সুদ/মুনাফাসহ ঋণ/বিনিয়োগের স্থিতি (Loan Outstanding) কোনভাবেই মঞ্জুরীকৃত ঋণ/বিনিয়োগসীমা অতিক্রম করতে পারবে না এবং কোন কারণে সুদ/মুনাফা আরোপের ফলে ঋণ/বিনিয়োগসীমা অতিক্রম করলে প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ঋণগ্রহীতা কর্তৃক পরিশোধিত হতে হবে;”


৯(খ) নং এ “সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ত্রৈমাসিক পরবর্তী মাসের ১২ (বারো) কর্মদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের ‘এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট’ এ বিগত তিন মাসে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিষয়ে সংযোজনী-৩ অনুযায়ী তথ্য সবারাহকরতঃ উক্ত বিভাগের অনাপত্তি পত্রসহ বাংলাদেশ ব্যাংকের ‘একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট’ বরাবরে সুদ/মুনাফা বাবদ ভর্তুকীর জন্য আবেদন করবে;”

০৪। এতদ্ব্যতীত উল্লিখিত সার্কুলারের অন্যান্য শর্তসমূহ অপরিবর্তিত থাকবে।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(হুসনে আরা শিখা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২